

১৭ আগস্ট ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীর উত্তরায় গার্ডারের চাপায় ৫ জনের নিহতের ঘটনায় সুষ্ঠু তদন্ত ও বিচার এবং ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ প্রদান নিশ্চিতের দাবী জানাচ্ছে ব্লাস্ট

রাজধানীর উত্তরায় জসীমউদ্দীন এলাকায় বিআরটি (বাস র‍্যাপিড ট্র্যানজিট) প্রজেক্টে ফ্রেন থেকে গার্ডার চাপা পড়ে শিশু সহ ৫ জন ব্যক্তির নিহতের ঘটনায় গভীর শোক ও তীব্র নিন্দা জানাচ্ছে ব্লাস্ট। পাশাপাশি ঘটনার সুষ্ঠু তদন্ত, দায়ী ব্যক্তিদের যথাযথ বিচার ও ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

গণমাধ্যম সূত্রে জানা যায় গত ১৫ আগস্ট ২০২২ (সোমবার) বিকালে ৪টার দিকে বিআরটি প্রকল্পের গার্ডারের নীচে একটি প্রাইভেট কার চাপা পড়ে ৫ জন মারা যান। ২ জনকে আহত অবস্থায় উদ্ধার করা হয়। এর পরপরই সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে এবং চায়না গ্যাবুবা গ্রুপ করপোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা ও ফ্রেন চালকের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রাথমিক তদন্তে এই দুর্ঘটনার বিষয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান এবং চায়না গ্যাবুবা গ্রুপ করপোরেশনের দায়িত্বে অবহেলার বিষয়টি চিহ্নিত হয়েছে।

ব্লাস্ট দায়ী ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার, যথাযথ বিচার ও জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ড, মারাত্মক দুর্ঘটনা আইন এবং উচ্চ আদালতের নির্দেশনা অনুসারে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের দাবী জানাচ্ছে।

আরও তথ্যের জন্য:

communication@blast.org.bd